**THE WEST BENGAL COUNCIL OF RABINDRA OPEN SCHOOLING**

**UCHCHA MADHYAMIK PARIKSHA, 2023**

# পশ্চিমবঙ্গ রবীন্দ্র মুক্ত বিদ্যালয় সংসদ

## উচ্চমাধ্যমিক পরীক্ষা, ২০২৩

বাংলা
(পুরাতন পাঠক্রম)

**Bengali**
**(Old Syllabus)**

সময় ঃ ৩ ঘণ্টা ১৫ মিনিট — পূর্ণমান ঃ ১০০

**Time : 3 Hours 15 Minutes** — **Full Marks : 100**

## পরীক্ষার্থীদের প্রতি সাধারণ নির্দেশ
## (General Instructions for the Examinees)

সকল পরীক্ষার্থীকে প্রথম পত্র এবং দ্বিতীয় পত্রের উত্তর একটি উত্তর পত্রে লিখতে হবে।
All Candidates should answer First Paper and Second Paper in one Answer Booklet.

সকল পরীক্ষার্থীকে নিজের নাম, ক্রমিক নম্বর ও নিবন্ধন নম্বর উত্তরপত্রে লিখতে হবে।
Candidates should write their Name, Roll No. and Registration No. in their respective answer scripts.

পরীক্ষার সময়ের প্রথম ১৫ মিনিট প্রশ্ন পড়ার জন্য।
প্রশ্নের উত্তর যথাযথ হওয়া দরকার।
First 15 Minutes are allotted for reading the question paper.
Answers should be in brief and to the point.

প্রতিটি উত্তরের প্রশ্নসংখ্যা খাতায় সঠিকভাবে লিখতে হবে।
Write correct question no. against each answer.

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে।
বানান ভুল, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কাটা যাবে।
প্রান্তিক সংখ্যাগুলি প্রতিটি প্রশ্নের পূর্ণমান নির্দেশ করছে।
Special credit will be given for answers which are brief and to the point.
Marks will be deducted for spelling mistakes, untidiness and bad handwriting.
In the right side the marks of questions are given.

**প্রথম পত্র** **পূর্ণমান ঃ ৫০**

১। *যেকোনো একটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×১=৫

(ক) ‘‘প্রাণের দায়ে সে অনেক সাধিয়াছিল, অনেক বলিয়াছিল, আর একটি কথা বলিল না’’— কার সম্পর্কে কোন প্রসঙ্গে বলা হয়েছে? সে কেন আর একটি কথাও বলেনি? ৩+২=৫

(খ) ‘পণ্ডিতমশাই’ উপন্যাসের পাঠ্যাংশে কলকাতা থেকে আগত অবিনাশ ডাক্তারের যে অভিজ্ঞতা হয়েছিল তার পরিচয় দাও। ৫

২। *যেকোনো একটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১০×১=১০

(ক) ‘অনধিকার প্রবেশ’ গল্পে মন্দিরে শূকর প্রবেশের ঘটনাটি বর্ণনা করো। এই ঘটনায় জয়কালী দেবীর মনে যে নতুন অনুভূতি জেগেছিল তার পরিচয় দাও। ৫+৫=১০

(খ) রূপোকাকা কীভাবে লেখকের বাড়িতে এসেছিলেন? তার চরিত্র সংক্ষেপে আলোচনা করো। ৪+৬=১০

(গ) ‘শিল্পী’ গল্পটির নামকরণের সার্থকতা বিচার করো। ১০

(ঘ) ‘‘কলিকাতা যাওয়াই ঠিক’’—কেন বক্তাকে এই সিদ্ধান্ত নিতে হয়েছিল? কলকাতায় গিয়ে তাঁর যে অভিজ্ঞতা হয়েছিল তা সংক্ষেপে লেখো। ৪+৬=১০

৩। *যেকোনো একটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১০×১=১০

(ক) ‘বসন্তের কোকিল’ প্রবন্ধে বসন্তের কোকিল আমাদের জীবন ও জগৎ সম্পর্কে যে ধারণা এনে দেয় তা নিজের ভাষায় আলোচনা করো।

(খ) বাল্যকালে ও তরুণ বয়সে রবীন্দ্রনাথের মনের বিকাশ কীভাবে ঘটেছিল তা ‘ছেলেবেলা’ পাঠ্যাংশ অবলম্বনে আলোচনা করো। ৫+৫=১০

(গ) বই কেনার প্রতি বাঙালির আগ্রহ জাগানোর চেষ্টায় লেখক যেসব পদ্ধতি প্রয়োগ করেছেন সেগুলি উল্লেখ করো। এই প্রসঙ্গে লেখকের দৃষ্টিভঙ্গির পরিচয় দাও। ৬+৪=১০

(ঘ) ‘‘রবীন্দ্রনাথের কাব্য সাক্ষাৎকারের জন্য যখন যাই তখন আমাদের রাজবেশ পরে যেতে হয়।’’— এ কথার তাৎপর্য কী? ব্যাখ্যা করো। ৪+৬=১০

৪। *যেকোনো একটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×১=৫

(ক) ‘বঙ্গভাষা’ কবিতাটির নামকরণ সার্থক হয়েছে কিনা সংক্ষেপে আলোচনা করো।

(খ) ‘‘বিপুলা এ পৃথিবীর কতটুকু জানি!’’— কবি ও কবিতাটির নাম লেখো। পঙ্‌ক্তিটির বক্তব্যবিষয় নিজের ভাষায় লেখো। ২+৩=৫

(গ) ‘জন্মভূমি’ কবিতাটি কার লেখা? কবিতাটিকে দেশপ্রেমের কবিতা বলা যায় কিনা বিচার করো। ১+৪=৫

(ঘ) ‘‘তারাই এসেছে মিছিলে।’’— কারা মিছিলে এসেছে? তাদের মিছিলে আসার কারণগুলি কী কী? উদ্ধৃতাংশটিতে কবির যে মনোভাব প্রকাশ পেয়েছে তা আলোচনা করো। ১+২+২=৫

৫। *যেকোনো একটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×১=৫

(ক) ‘‘এইখানে এসে লুটাইয়া পড়ে সকল রাজমুকুট।’’— কোথায় এসে কেন সব রাজমুকুট লুটিয়ে পড়ে তা নিজের ভাষায় ব্যাখ্যা করো। ৫

(খ) ‘‘আবাদ করে বিবাদ করে সুবাদ করে তারা’’— কোন কবিতা থেকে পঙ্‌ক্তিটি নেওয়া হয়েছে? একথা কেন বলা হয়েছে? ১+৪=৫

৬। *যেকোনো একটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×১=৫

(ক) ‘বিসর্জন’ নাটকের আলোচ্য পাঠ্যাংশে গোবিন্দমাণিক্যের চরিত্রের যে পরিচয় পাওয়া যায়, তা আলোচনা করো।

(খ) ‘বিসর্জন’ নাটকের আলোচ্য পাঠ্যাংশে জয়সিংহ চরিত্রের অন্তর্দ্বন্দ্বের যে পরিচয় পাওয়া যায় তা লেখো।

৭। *যেকোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×২=১০

(ক) বিপরীত শব্দ লেখো ঃ
দ্রুতবেগে, অজ্ঞান, দুঃখ, অপবিত্র, উপস্থিত।

(খ) নীচের শব্দগুলো থেকে তৎসম, অর্ধতৎসম, তদ্ভব, দেশি, বিদেশি শব্দ বের করে লেখো ঃ
আবাদ, প্রাতঃকাল, ঢোল, মানুষ, আদ্দেক।

(গ) প্রতিটি শব্দের দুটি করে সমার্থক শব্দ লেখো ঃ
চোখ, নদী, জননী, বাড়ি, দেহ।

(ঘ) নীচের বাক্যগুলোর বাচ্য পরিবর্তন করো ঃ
(i) মোরা তবে যাই। (ভাববাচ্যে)
(ii) দিনগুলো স্বচ্ছন্দে কাটাবো। (কর্মবাচ্যে)
(iii) কিছুদিন পরে মাইনে হবে। (কর্তৃবাচ্যে)
(iv) কেশবকে খবর দাও। (ভাববাচ্যে)
(v) সে তাহার পিসিমাকে ভালো করিয়াই জানিত। (কর্মবাচ্যে)

(ঙ) প্রতিটি শব্দদ্বৈত দিয়ে সার্থক বাক্য রচনা করো ঃ
চুপিচুপি, হাউমাউ, বকাবকি, কাঁদিতে কাঁদিতে, মাঝে মাঝে।

## দ্বিতীয় পত্র

**পূর্ণমান ঃ ৫০**

১। *যেকোনো একটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×১=৫

(ক) ‘শ্রীকৃষ্ণকীর্তন’ কাব্যটির রচয়িতা কে? কাব্যটি কয়টি খণ্ডে রচিত? কাব্যটির পুঁথি কীভাবে আবিষ্কৃত হয়েছিল, লেখো। ১+১+৩

(খ) বাংলা ভাষায় রামায়ণের শ্রেষ্ঠ অনুবাদক কে? তাঁর কবিপ্রতিভার পরিচয় দাও। ১+৪

(গ) মঙ্গলকাব্য কাকে বলে? এই কাব্যের এরূপ নামকরণের কারণ কী? ১+৪

২। *যেকোনো একটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×১=৫

(ক) শাক্ত কবিতা কী? কমলাকান্ত ভট্টাচার্যের কাব্য সম্বন্ধে সংক্ষেপে লেখো। ১+৪

(খ) লালন ফকির কে ছিলেন? তাঁর গান সম্বন্ধে সংক্ষেপে আলোচনা করো। ১+৪

৩। *যেকোনো একটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×১=৫

(ক) বাংলা ভাষার ইতিহাসকে যে-কটি যুগে ভাগ করা হয়েছে তার নাম লেখো। প্রত্যেক যুগের সময়কাল এবং সাহিত্যিক নিদর্শন উল্লেখ করো। ১+৪

(খ) বানানবিধি বলতে কী বোঝো? বাংলা বানানবিধির কয়েকটি নিয়ম উল্লেখ করো। ২+৩

৪। *যেকোনো একটি* বিষয়ে প্রতিবেদন লেখো ঃ ৫×১=৫

(ক) তোমার এলাকায় প্রতিবন্ধীদের জন্য একটি পুনর্বাসন কেন্দ্র স্থাপিত হয়েছে—এ বিষয়ে একটি প্রতিবেদন রচনা করো।

(খ) গাছপালা ধ্বংস করে এবং জলাজমি বুজিয়ে বহুতল আবাসন নির্মিত হচ্ছে ব্যাপকহারে—এ বিষয়ে একটি প্রতিবেদন রচনা করো।

৫। *যেকোনো একটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×১=৫

(ক) তুমি ব্যবসার কারণে ব্যাঙ্ক কর্তৃপক্ষের কাছে ঋণ পেতে আগ্রহী। সেই বিষয়ে একটি আবেদনপত্র রচনা করো।

*অথবা,*

তোমাদের এলাকার গ্রামীণ স্বাস্থ্যকেন্দ্রটির অবস্থা খুবই খারাপ। স্বাস্থ্যকেন্দ্রটির উন্নতির জন্য জেলা স্বাস্থ্য-আধিকারিকের কাছে আবেদনপত্র লেখো।

৬। স্বচ্ছন্দ বাংলায় অনুবাদ করো ঃ ৫

The value of man's life is measured not by the number of years he has lived, but by the number of good deeds he has done. A man may live a longer life without doing any great or noble work that may benifit the world. Such a life is useless and man is forgotten as soon as he dies. But a man who does noble works for the benifit of mankind lives in the memory of the people even after his death.

৭। নীচের অনুচ্ছেদটি পড়ে সারাংশ লেখো ঃ ৫

কেবল পশুবলে জগতের কোনো জাতি বড়ো হইতে পারে না। কেবল অর্থবলে কেহ বড়ো হয় নাই। জগতে উচ্চাসন পাইতে হইলে চাই মস্তিষ্কের বল, যাহার বিকাশ সাহিত্য ও বিজ্ঞানে, আর চাই মনের বল, যাহার প্রকাশ চরিত্র ও ব্যবহারে। বাঙ্গালার রবীন্দ্রনাথ ও জগদীশচন্দ্র বাঙ্গালীর মণীষার পরিচয় গর্বিত পাশ্চাত্য জাতিকে দিয়াছেন। কিন্তু দুই একটি কোকিলে কি বসন্তের সৌন্দর্য আনিতে পারে? চাই আমরা সহস্র কোকিলের কলতান, যাহা জগতের শীতবস্ত্র বক্ষে বসন্ত যৌবনের অনন্ত উজ্জ্বল মধুর ভাব জাগাইয়া দিয়া বিশ্ববাসীর অনিচ্ছুক কর্ণকে ভারতের দিকে উৎকর্ণ করিবে। ভবিষ্যতে ভারত অতীত ভারত অপেক্ষা বৃহৎ, মহৎ ও উজ্জ্বল হইবে। ছাত্রবন্ধুগণ, তোমরা ভুলিও না—এই গুরু কার্যের ভার তোমাদেরই উপর ন্যস্ত।

৮। নীচের *যেকোনো পাঁচটি* শব্দের পরিভাষা লেখো ঃ ৫

Charge Sheet, Earned leave, Joint Secretary, Tax structure, Via media, White Paper.

*অথবা,*

নীচের শব্দগুলোর *যেকোনো পাঁচটির* অর্থপার্থক্য লেখো ঃ ১×৫=৫

তির–তীর, বন্দি–বন্দী, আসার-আষাঢ়, উপাদান–উপাধান, অলক–অলোক, আপন–আপণ।

৯। *যেকোনো একটি* বিষয়ে প্রবন্ধ রচনা করো (৩০০টি শব্দের মধ্যে) ঃ ১০

(ক) গাছ আমাদের পরম বন্ধু

(খ) কম্পিউটার ও আধুনিক জীবন

(গ) অনলাইন পড়াশোনার ভালো-মন্দ

(ঘ) তোমার প্রিয় লেখক।